



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী



e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, Fax: 02588853145

তারিখ: ২৪/০৩/২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ

আজ ২৪/০৩/২০২৪ খ্রি. ঐতিহ্যবাহী রাজশাহী কলেজের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২৪-এর ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণ কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক। এছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর আব্দুল্লাহ আল মাহমুদ, একাদশ শ্রেণি পরীক্ষা কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ আলাউদ্দীন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীবৃন্দ। বক্তব্য প্রদান করেন একাদশ শ্রেণি পরীক্ষা কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ আলাউদ্দীন, পদার্থবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ নাজিম উদ্দীন ও একাদশ শ্রেণির শিক্ষার্থীবৃন্দ। শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর আব্দুল্লাহ আল মাহমুদ বলেন- কঠোর অনুশীলন, নিয়মানুবর্তিতা এবং শৃঙ্খলাবোধের মাধ্যমে ভালো ফলাফলের পাশাপাশি ভালো মানুষ হয়ে কলেজের সুনাম অক্ষুণ্ণ রাখতে হবে। কাজিত সাফল্য অর্জনে কলেজে নিয়মিত উপস্থিতি ও শিক্ষকদের নির্দেশনা মেনে যথাযথ অনুশীলনের জন্য তিনি শিক্ষার্থীদের আহ্বান জানান। সভাপতির বক্তব্যে অধ্যক্ষ মহোদয় বলেন- তোমাদের ভালো মানুষ হয়ে পরিবার ও সমাজের প্রতি দায়িত্ব পালন করতে হবে। কঠোর অনুশীলন ও পরিশ্রমই শিক্ষার্থীদের সফলতার উচ্চশিখরে আরোহণ করতে সহায়তা করে। তাই কাজিত সাফল্য অর্জনে তিনি শিক্ষার্থীদের কলেজে নিয়মিত উপস্থিতি ও শিক্ষকদের নির্দেশনা মেনে যথাযথ অনুশীলনের পরামর্শ দেন। অনুষ্ঠানে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার মেধা তালিকার প্রথম ১০ জনসহ জিপিএ-৫ প্রাপ্ত সকল শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করা হয়। এছাড়াও ক্লাসে সর্বোচ্চ সংখ্যক উপস্থিতির জন্য প্রতিটি শাখার ১০জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয় এবং বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৪ এর কলেজ পর্যায়ে বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়।

২৪/০৩/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

